বুধবার, ১১ অক্টোবর ২০২৩
২৭ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ

Jagonews24.com
বস্তুনিষ্ঠ সংবাদের অনলাইন ঠিকানা

# ‘কমোডের ফ্লাশে প্রতি বাড়িতে ৫০-৮০ লিটার পানি অপচয়’



টয়লেটের ফ্লাশ ব্যবস্থাপনা আধুনিক ও পানি সাশ্রয়ী করার আহ্বান জানিয়েছেন জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মহাপরিচালক (ডিজি) মোহাম্মাদ মুনীর চৌধুরী।

তিনি বলেন, ঢাকা শহরে বাসাবাড়িতে কমোডের ফ্লাশ ব্যবহারে প্রতি বাড়িতে দৈনিক ৫০-৮০ লিটার পানি অপচয় হয়। এমনকি ঢাকার বাইরের অনেক শহরেও ফ্লাশে পানির চরম অপচয় হচ্ছে। এভাবে তো চলতে পারে না। টয়লেটের ফ্লাশ ব্যবস্থাপনা আধুনিক করতে হবে। পানি সাশ্রয় হয় এমন নতুন প্রযুক্তি উদ্ভাবনে কাজ করতে হবে।

মঙ্গলবার (১০ অক্টোবর) জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরে 'পানি সম্পদের নৈতিক ও বিজ্ঞানসম্মত ব্যবহার' শীর্ষক সেমিনারে সভাপতির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

মোহাম্মদ মুনীর চৌধুরী বলেন, নাগরিকরা পানি ব্যবহারে নৈতিক নয় বিধায় ভবন পরিষ্কার কাজে ও গাড়ি ধোয়ার কাজে বিপুল পরিমাণ পানি নষ্ট হয়। অর্থ ব্যয়ে উত্তোলিত কোটি কোটি লিটার পানির অপচয় রোধে আইনের কঠোর প্রয়োগ দরকার। তা না হলে ওয়াসার পানি ব্যবস্থাপনা আরও হুমকিতে পড়বে।

সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা ওয়াসার নির্বাহী প্রকৌশলী মোহাম্মাদ বদরুল আলম। তিনি ওয়াসার পানি সরবরাহ ব্যবস্থা ও চলমান প্রকল্পসমূহের সার্বিক চিত্র তুলে ধরেন।

অন্যদের মধ্যে আরও বক্তব্য রাখেন গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব নায়লা আহমেদ ও পরিকল্পনা বিভাগের যুগ্ম-সচিব) খোরশেদ আলম প্রমুখ।

সাভারে বাংলাদেশ লোক প্রশিক্ষণ কেন্দ্রের ১০৯তম সিনিয়র স্টাফ কোর্সে অংশগ্রহণকারী ঊর্ধ্বতন সামরিক ও বেসামরিক কর্মকর্তাদের একটি টিম মঙ্গলবার (১০ অক্টোবর) জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর পরিদর্শনে আসে। তাদের নিয়ে এ সেমিনার আয়োজন করা হয়। তিনজন সামরিক ও ১৭ জন বেসামরিক উর্ধ্বতন কর্মকর্তা (যুগ্মসচিব পদমর্যাদা) এ সেমিনারে অংশ নেন।

সেমিনার শেষে অংশগ্রহণকারী উর্ধ্বতন কর্মকর্তারা জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের প্রদর্শনীবস্তু পরিদর্শন ও চতুর্মাত্রিক দিক উপভোগ করেন।

Barta24 বাংলার, বাঙালির সংবাদ সারথি
বার্তা২৪
বুধবার, ১১ অক্টোবর ২০২৩, ২৬ আশ্বিন ১৪৩০

# ‘ওয়াসার পানি ব্যবস্থাপনা দূষণমুক্ত করা জরুরি’




নাগরিকদের পানি ব্যবহারে মিতব্যয়ী ও সাশ্রয়ী হওয়া উচিত। পাশাপাশি ঢাকা ওয়াসার পানি সরবরাহ ব্যবস্থাপনা দূষণমুক্ত ও নাগরিক বান্ধব করা জরুরি।

মঙ্গলবার (১০ অক্টোবর) জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর পরিদর্শনে আসলে তাদের জন্য পানি সম্পদের নৈতিক ও বিজ্ঞানসম্মত ব্যবহার শীর্ষক এ সেমিনারে বক্তারা এমন অভিমত দেন।

সাভারস্থ বাংলাদেশ লোক প্রশিক্ষণ কেন্দ্রের ১০৯তম সিনিয়র স্টাফ কোর্সে অংশগ্রহণকারী ঊর্ধ্বতন সামরিক ও বেসামরিক কর্মকর্তারা এতে অংশ নেন। সেমিনারে ৩ জন সামরিক ও ১৭ জন বেসামরিক ঊর্ধ্বতন কর্মকর্তা (যুগ্মসচিব পদমর্যাদা) উপস্থিত ছিলেন।

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মহাপরিচালক মোহাম্মাদ মুনীর চৌধুরী বলেন, ‘নাগরিকরা পানি ব্যবহারে নৈতিক নয়, এ কারণে ভবন পরিষ্কার ও গাড়ি ধোয়ার কাজে বিপুল পরিমাণ পানি নষ্ট হয়। বিপুল অর্থ ব্যয়ে উত্তোলিত কোটি কোটি লিটার পানির অপচয় রোধে আইনের কঠোর প্রয়োগ না হলে ওয়াসার পানি ব্যবস্থাপনা হুমকির মধ্যে পড়বে।’

তিনি আরও বলেন, একটি বাসাবাড়িতে কমোডের ফ্লাশ ব্যবহারে দৈনিক ৫০ থেকে ৮০ লিটার পানির অপচয় হয়। টয়লেটের ফ্লাশ ব্যবস্থাপনাকে আধুনিক ও পানি সাশ্রয়ী করার জন্য নতুন প্রযুক্তি উদ্ভাবন করতে হবে।

এ সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা ওয়াসার নির্বাহী প্রকৌশলী মোহাম্মাদ বদরুল আলম। তিনি ঢাকা ওয়াসার পানি সরবরাহ ব্যবস্থা ও চলমান প্রকল্পসমূহের সার্বিক চিত্র তুলে ধরেন। বক্তব্য রাখেন গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের যুগ্মসচিব নায়লা আহমেদ এবং পরিকল্পনা বিভাগের যুগ্মপ্রধান (যুগ্মসচিব) খোরশেদ আলম। সেমিনার শেষে অংশগ্রহণকারী ঊর্ধ্বতন কর্মকর্তাগণ জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি ঘরের প্রদর্শনীবস্তু পরিদর্শন করেন ।

NEW AGE
The outspoken daily ■ www.newagebd.net ■ Dhaka, Wednesday, October 11, 2023, Ashwin 26, 1430 BS

# *Seminar demands citizen-friendly WASA water supply*

**Staff Correspondent**

A SEMINAR on 'Ethical and Scientific Use of Water Resource' was held at the National Museum of Science and Technology with a call for frugal and cost-effective use of water.

The speakers in the seminar on Tuesday emphasised making the Dhaka WASA water supply pollution-free and citizen-friendly.

The seminar was organised for a team of senior military and civil officers participating in the 109th Senior Staff Course at the Bangladesh Public Administration Training Centre at Savar when they visited the science museum.

samakal.com TheDailySamakal samakaltv

বুধবার
১১ অক্টোবর ২০২৩
২৬ আশ্বিন ১৪৩০ । ২৫ রবিউল আউয়াল ১৪৪৫
২৪ পৃষ্ঠা । ১২ টাকা

অসংকোচ প্রকাশের দুরন্ত সাহস

# সমকাল



পানি ব্যবহারে মিতব্যয়ী ও সাশ্রয়ী হওয়ার আহ্বান জানিয়ে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরে মঙ্গলবার সেমিনার অনুষ্ঠিত হয়। এতে বক্তব্য দেন জাদুঘরের মহাপরিচালক মোহাম্মদ মুনীর চৌধুরী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের যুগ্ম সচিব নায়লা আহমেদ, পরিকল্পনা বিভাগের যুগ্ম প্রধান (যুগ্ম সচিব) খোরশেদ আলম প্রমুখ। মূল প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা ওয়াসার নির্বাহী প্রকৌশলী মোহাম্মদ বদরুল আলম ফটো রিলিজ

# বিজ্ঞান জাদুঘরে পানি সম্পদের নৈতিক ও বিজ্ঞানসম্মত ব্যবহার নিয়ে সেমিনার অনুষ্ঠিত

অক্টোবর ১০, ২০২৩



পানি ব্যবহারে মিতব্যয়ী ও সাশ্রয়ী হওয়ার আহ্বান জানিয়ে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরে একটি সেমিনার অনুষ্ঠিত হয়েছে। সেমিনারে বক্তারা ঢাকা ওয়াসার পানি সরবরাহ ব্যবস্থাপনা দূষণমুক্ত ও নাগরিক বান্ধব করার উপর গুরুত্ব আরোপ করেন। সাভারস্থ বাংলাদেশ লোক প্রশিক্ষণ কেন্দ্রের ১০৯তম সিনিয়র স্টাফ কোর্সে অংশগ্রহণকারী উর্ধ্বতন সামরিক ও বেসামরিক কর্মকর্তাদের একটি টিম মঙ্গলবার (১০ অক্টোবর, ২০২৩) জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর পরিদর্শনে আসলে তাদের জন্য "পানি সম্পদের নৈতিক ও বিজ্ঞানসম্মত ব্যবহার" শীর্ষক এ সেমিনারের আয়োজন করা হয়। ৩ জন সামরিক ও ১৭ জন বেসামরিক উর্ধ্বতন কর্মকর্তা (যুগ্মসচিব পদমর্যাদা) এ সেমিনারে অংশগ্রহণ করেন।

সেমিনারে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মহাপরিচালক মোহাম্মাদ মুনীর চৌধুরী বলেন, " নাগরিকরা পানি ব্যবহারে নৈতিক নয় বিধায় ভবন পরিষ্কার কাজে ও গাড়ি ধোয়ার কাজে বিপুল পরিমান পানি নষ্ট হয়। বিপুল অর্থ ব্যয়ে উত্তোলিত কোটি কোটি লিটার পানির অপচয় রোধে আইনের কঠোর প্রয়োগ না হলে ওয়াসার পানি ব্যবস্থাপনা হুমকির মধ্যে পড়বে।"

তিনি আরো বলেন, " একটি বাসাবাড়িতে কমোডের ফ্লাশ ব্যবহারে দৈনিক ৫০-৮০ লিটার পানির অপচয় হয়। টয়লেটের ফ্লাশ ব্যবস্থাপনাকে আধুনিক ও পানি সাশ্রয়ী করার জন্য নতুন প্রযুক্তি উদ্ভাবন করতে হবে।"

এ সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা ওয়াসার নির্বাহী প্রকৌশলী জনাব মোহাম্মাদ বদরুল আলম। তিনি ঢাকা ওয়াসার পানি সরবরাহ ব্যবস্থা ও চলমান প্রকল্পসমূহের সার্বিক চিত্র তুলে ধরেন।

সেমিনারে আরো বক্তব্য রাখেন গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের যুগ্মসচিব নায়লা আহমেদ এবং পরিকল্পনা বিভাগের যুগ্মপ্রধান (যুগ্মসচিব) খোরশেদ আলম । সেমিনার শেষে অংশগ্রহণকারী উর্ধ্বতন কর্মকর্তাগণ জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি ঘরের প্রদর্শনীবস্তু পরিদর্শন করেন ও চতুর্মাত্রিক উপভোগ করেন।